



জাতিসংঘ সহায়তা করবে দেশের গণতন্ত্র পুনরুদ্ধারে: আমীর খসরু



সংগৃহীত ছবি

ফেব্রুয়ারিতে নির্বাচনের মাধ্যমে দেশে গণতন্ত্র পুনরায় প্রতিষ্ঠার আহ্বান জানালেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। তিনি জানান, নির্বাচনের মাধ্যমে বাংলাদেশের গণতন্ত্র পুনরুদ্ধারে জাতিসংঘও সহায়তা করবে।

রবিবার (৫ অক্টোবর) দুপুরে বিএনপি চেয়ারপার্সনের গুলশানের রাজনৈতিক কার্যালয়ে জাতিসংঘ আবাসিক মিশনের প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকের পরে সাংবাদিকদের এসব তথ্য জানান তিনি।

বৈঠকে বাংলাদেশের সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতি, নির্বাচন প্রক্রিয়া এবং রোহিঙ্গা প্রত্যাবর্তনসহ বিভিন্ন বিষয় নিয়ে দীর্ঘ আলোচনা হয়েছে বলে জানান আমীর খসরু। তিনি আরও জানান, বৈঠকে রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবর্তন এবং এ বিষয়ে জাতিসংঘের সম্ভাব্য সহায়তা নিয়ে বিস্তারিত পর্যালোচনা হয়েছে।

বাংলাদেশে গণতান্ত্রিক প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় ঢাকায় জাতিসংঘ আবাসিক সমন্বয়কারী গোয়েন লুইসকে ধন্যবাদ জ্ঞাপন করেন তিনি।